বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ ... 27 JUN 1989 ...
পৃষ্ঠা ... 4 ... কলাম 3 ...

024

## কৃষি বিশ্ববিদ্যালয়ে অউপজাতি ছাত্রের ভর্তি বাতিল প্রসংগ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে গত ১৯৮৬-৮৭ শিক্ষা সালে বিএসসি ফিসারিজ (অনার্স) প্রথম পর্ব স্নাতক শ্রেণীর ভর্তিকৃত অ-উপজাতীয় ছাত্র প্রবীর দাশগুপ্ত, পিতা প্রীতিময় দাশগুপ্ত; রোল নং-৬৭, রেজিঃ নং-১৪৮০৬ ৮৬-৮৭ নিজেকে একজন উপজাতীয় ছাত্র পরিচয় দিয়ে উপজাতীয় সংরক্ষিত আসনে ভর্তি হয়। তার ভর্তি বাতিলের দাবীতে বিশ্ববিদ্যালয় প্রশাসন থেকে শুরু করে বাংলাদেশ শিক্ষা মন্ত্রণালয় পর্যন্ত বহু লেখালেখির পরও কোন সুফল পাওয়া যায়নি। পরিশেষে মহামান্য রাষ্ট্রপতি সকাশে লিখিত আবেদনের পর তিনি অউপজাতীয় ছাত্র প্রবীর দাশগুপ্তের ভর্তি বাতিলের যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অফিসের বিধি-নিয়ম অনুসারে বিগত ১৫-৪-৮৯ তার ভর্তি বাতিল ঘোষণা করেন। অউপজাতীয় ছাত্র প্রবীর দাশগুপ্তের ভর্তি বাতিলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহামান্য রাষ্ট্রপতিকে কৃতজ্ঞতা ও অভিনন্দন জ্ঞাপন করছি। কিন্তু দুঃখের বিষয়, অ-উপজাতীয় ছাত্রের ভর্তি বাতিল করার পরও তার স্থলে কোন উপজাতীয় ছাত্র/ছাত্রীকে ভর্তি করা হয়নি। উল্লেখ্য যে, কৃষি বিশ্ববিদ্যালয়ে উপজাতীয় ছাত্র/ছাত্রীদের জন্যে ৬টি সংরক্ষিত আসন থাকা সত্ত্বেও গত ১৯৮৭-৮৮ শিক্ষা সেশনে কোন উপজাতীয় ছাত্র/ছাত্রীকে ভর্তি হওয়ার সুযোগ দেয়া হয়নি এবং চলতি ১৯৮৮-৮৯ শিক্ষা সেসনে ৬টি সংরক্ষিত আসন থেকে ৩টি আসন বাতিল করা হয়েছে। অতএব, সমাজে পশ্চাদপদ উপজাতীয় ছাত্র/ছাত্রীদের কৃষি বিষয়ে উচ্চ শিক্ষা গ্রহণের লক্ষ্যে পূর্বের নির্ধারিত ৬টি সংরক্ষিত আসন পুনঃনির্ধারণের বিষয়টি সুবিবেচনা করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও মহামান্য রাষ্ট্রপতির সদয় ও শুভদৃষ্টি কামনা করছি।

জওহরলাল চাকমা,
৪১৩/বি, শামসুল হক হল,
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ।